দৈনিক ইনকিলাব

তারিখ ...JUL 28 1999 ... ...
পৃষ্ঠা ৮ কলাম ১......

56

# কালিগঞ্জ থানার ১৯টি মাদ্রাসার ১২টি মাদ্রাসার স্বীকৃতি প্রত্যাহার ঃ এমপিও বাতিল

কালিগঞ্জ (গাজীপুর), নিজস্ব সংবাদদাতা ঃ কালিগঞ্জ থানার ১৯টি মাদ্রাসার মধ্যে ১২টি মাদ্রাসার সরকারী স্বীকৃতি প্রত্যাহার ও এমপিও বাতিলের ফলে জনমনে প্রচণ্ড ক্ষোভ দেখা দিয়েছে। শিক্ষক-কর্মচারী ও তাদের পরিবারে নেমে এসেছে চরম হতাশা। অনুষ্ঠিত হয়েছে প্রতিবাদ সভা, বিক্ষোভ মিছিল। পেশ করা হয়েছ স্মারকলিপি।

ঐতিহ্যবাহী কালিগঞ্জ থানার ১৯টি মাদ্রাসার মধ্যে ১টি ফাজিল, ৬টি আলেম ও ৫টি দাখেল মাদ্রাসাসহ মোট ১২টি মাদ্রাসার সরকারী স্বীকৃতি ও এমপিও বাতিল করে দিয়েছে শিক্ষা মন্ত্রণালয়।

গত ২২ জুলাই কালিগঞ্জ থানা জমিয়তুল মোদারেছীন, মাদ্রাসা শিক্ষক সমিতি সরকারী স্বীকৃতি প্রত্যাহার ও এমপিও বাতিলের প্রতিবাদে কালিগঞ্জ প্রেসক্লাবের সম্মুখে এক প্রতিবাদ সভায় মিলিত হয়। অধ্যক্ষ মাওলানা আব্দুর রশীদের সভাপতিত্বে অনুষ্ঠিত প্রতিবাদ সভায় বক্তব্য রাখেন সাবেক অধ্যক্ষ মাওলানা হাফেজউদ্দিন, অধ্যক্ষ মাওলানা শামসুদ্দিন, অধ্যক্ষ মাওলানা আলী হোসেন, অধ্যক্ষ মাওলানা ইসমাইল, অধ্যক্ষ মাওলানা খোরশেদ আলম, সুপার মাওলানা আব্দুছ ছাত্তার, সুপার মাওলানা সোলাইমান, সুপার মাওলানা মোশাররফ হোসাইন, মাওলানা ছানাউল্লাহ প্রমুখ। পরে বিক্ষোভ মিছিলটি বিভিন্ন রাস্তা প্রদক্ষিণ করে থানা পরিষদের সম্মুখে উপস্থিত হলে স্থানীয় সংসদ সদস্য জনাব আখতারুজ্জামান শিক্ষকদের উদ্দেশে সংক্ষিপ্ত বক্তব্য প্রদান করে এ ব্যাপারে তিনি ভূমিকা রেখেছেন, সামনে রাখবেন বলে আশ্বস্ত করেন। প[illegible] শিক্ষক নেতৃবৃন্দ থানা নির্বাহী কর্মকর্তা জনাব শামসুল আলমের মাধ্যমে শিক্ষামন্ত্রীর বরাবর স্মারকলিপি পেশ করেন।